



টেক্সটাইল-আরএমজি খাতে জ্বালানি সক্ষমতা বৃদ্ধির লক্ষ্য

জিসিএফের সঙ্গে ইডকলের সাড়ে ২৫ কোটি ডলারের চুক্তি

জুলাই ২১, ২০২২

IPDC
ডিপোজিট

সর্বোচ্চ নিরাপত্তা

প্রধান শেয়ারহোল্ডার সর্বোচ্চ ক্রেডিট রেটিং
 **AAA**



**GREEN
CLIMATE
FUND**

বাংলাদেশের টেক্সটাইল ও তৈরি পোশাক শিল্পের (আরএমজি) জ্বালানি সক্ষমতা বৃদ্ধিতে ২৫ কোটি ৬৬ লাখ ডলারের তহবিল পেতে গ্রিন ক্লাইমেট ফান্ডের (জিসিএফ) সঙ্গে চুক্তি স্বাক্ষর করেছে ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কোম্পানি লিমিটেড (ইডকল)। গতকাল ডার্চুয়াল এক অনুষ্ঠানে এ চুক্তি স্বাক্ষর হয়। জিসিএফের ডাইরেক্ট অ্যাকসেস এন্টিটি (ডিএই) হিসেবে রেয়াতি সুবিধার আওতায় ফান্ডেড অ্যাক্টিভিটি এগ্রিমেন্টে (এফএএ) চুক্তি স্বাক্ষর করে ইডকল।

জিসিএফ ক্রেডিট লাইনে এটাই বাংলাদেশে ও দেশের কোনো বেসরকারি খাতে প্রথম রেয়াতযোগ্য আর্থিক তহবিল। শিল্প খাতের স্বল্প কার্বন নিঃসরণ ও জলবায়ু সহনশীল উন্নয়নে এ তহবিল অনুঘটক হিসেবে কাজ করবে।

অনুষ্ঠানে আর্থিক সম্পর্ক বিভাগের সচিব ও ইডকলের চেয়ারম্যান শরিফা খান বলেন, বিশ্বব্যাপী কার্বন নিঃসরণ কমানোর জন্য এ কর্মসূচির মাধ্যমে বাংলাদেশের দুটি প্রধান শিল্প খাতকে যথাযথভাবে বেছে নেয়া হয়েছে। যার মাধ্যমে টেকসই জ্বালানি ব্যবস্থাপনায় উল্লেখযোগ্যভাবে অবদান রাখা সম্ভব।

দেশের সবুজ, পরিচ্ছন্ন এবং স্থিতিস্থাপক উন্নয়নের এজেন্ডা বাস্তবায়নের জন্য তিনি জিসিএফ ও বাংলাদেশের মধ্যে সম্পর্ক বৃদ্ধির ওপর জোর দিয়েছেন।

ইডকলের সিইও ও নির্বাহী পরিচালক আলমগীর মোরশেদ দেশে জলবায়ু অর্থায়নের সুযোগ বাড়ানোর জন্য তার আশা ও শুভকামনা ব্যক্ত করেন। তহবিল পেতে সার্বক্ষণিক সহায়তার জন্য তিনি এনডিএ ও জিসিএফকে ধন্যবাদ জানান। গ্রিন ক্লাইমেট ফান্ডের নির্বাহী পরিচালক ইয়ানিক গ্লেমারেক চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এসডিজি অর্জনের পথ সহজ করতে এই জলবায়ু পরিবর্তন তহবিল ইডকলের জন্য উল্লেখযোগ্য সাফল্য এবং ন্যাশনাল ডিটারাইন্ড কন্ট্রিবিউশন (এনডিসি) অধীনে প্রশমনের লক্ষ্যমাত্রা। প্রতিষ্ঠার পর থেকে ইডকল বাংলাদেশে মাঝারি থেকে বড় আকারের অবকাঠামো এবং নবায়নযোগ্য জ্বালানি প্রকল্পের উন্নয়নের জন্য অর্থায়নের সেতুবন্ধ করতে প্রধান ভূমিকা পালন করেছে। কোম্পানিটি এখন বাংলাদেশে বেসরকারি খাতের জ্বালানি ও অবকাঠামোগত অর্থায়নে বাজারের শীর্ষস্থান অধিকার করেছে। —বিজ্ঞপ্তি

টেক্সটাইল আরএমজি খাত জ্বালানি জিসিএফ ইডকল

এই বিভাগের আরও খবর